



খুলনায় এনসিপি পরিচয়ে ২০ লাখ টাকা চাঁদা দাবি, গ্রেপ্তার তিনজন



সংগৃহীত ছবি

খুলনায় উপজেলা যুবলীগের এক নেতার বাড়িতে ঢুকে নিজেদের জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রতিনিধি পরিচয় দিয়ে ২০ লাখ টাকা চাঁদা দাবি করার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১৯ জানুয়ারি) বিকেলে নগরীর সোনাডাঙ্গা থানাধীন নেসার উদ্দিন সড়কে এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, কয়রা উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা যুবলীগ সভাপতি শফিকুল ইসলামের বাসায় দুপুরের দিকে তিন ব্যক্তি বাসা ভাড়া নেওয়ার কথা বলে প্রবেশ করেন। পরে তারা নিজেদের এনসিপির সদস্য দাবি করে বাড়িতে আওয়ামী লীগের এক নেতা আত্মগোপনে আছেন বলে অভিযোগ তোলে। এক পর্যায়ে তারা শফিকুল ইসলামের কাছে ২০ লাখ টাকা দাবি করেন।

পরিস্থিতি আঁচ করতে গেরে শফিকুল ইসলামের মেয়ে শাহনাজ পারভীন কৌশলে থানায় খবর দেন। সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তিনজনকে হাতেনাতে আটক করে। গ্রেপ্তারকৃতরা হলেন মেহেদি হাসান মিরাজ, আল নাসিম ও মিরাজ গাজী। এ ঘটনায় সোনাডাঙ্গা থানায় চাঁদাবাজির মামলা দায়ের করা হয়েছে। ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে জানানো হয়, টাকা দিতে অস্বীকৃতি জানালে অভিযুক্তরা অসৌজন্যমূলক আচরণ শুরু করেন এবং ভয়ভীতি দেখান। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, অভিযুক্তদের একজনকে বাড়িতে আসার কারণ জানতে চাইলে তিনি অস্পষ্ট জবাব দেন। তবে জাতীয় নাগরিক পার্টি এ ঘটনার সঙ্গে তাদের কোনো সম্পৃক্ততা নেই বলে দাবি করেছে। দলের খুলনা জেলা প্রধান সমন্বয়কারী মাহমুদুল হাসান ফয়জুল্লাহ বলেন, আটক ব্যক্তিরা এনসিপির সদস্য নন এবং তাদের সঙ্গে দলের কোনো সাংগঠনিক সম্পর্ক নেই।

সোনাডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রফিকুল ইসলাম জানান, প্রাথমিক তদন্তে চাঁদা দাবির সত্যতা পাওয়া গেছে। মামলার ভিত্তিতে তিনজনকে গ্রেপ্তার দেখানো হয়েছে এবং বিষয়টি আরও গভীরভাবে খতিয়ে দেখা হচ্ছে।